গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
রায়পুরা, নরসিংদী

সিটিজেন চার্টার

ক্রঃ নং	প্রদেয় সেবার বিবরণ	সেবা প্রদান পদ্ধতি	সেবার নির্ধারিত মূল্য	সেবা প্রদানের নির্ধারিত সময়	আবেদনপত্রের সাথে যে সকল কাগজপত্র জমা দিতে হবে
০১	নামজারী, জমা খারিজ ও জমা একত্রীকরণ	নির্ধারিত ফরমে আবেদন প্রাপ্তির পর যথাযথ তদন্তপূর্বক পক্ষগণকে নোটিশ প্রদানক্রমে শুনানী গ্রহণ সাপেক্ষে কোন আপত্তি না থাকলে নামজারী ও জমা খারিজ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি (মঞ্জুর/না-মঞ্জুর) করা হয়। আবেদনকারীকে নির্দিষ্ট সময়ের মধ্যে ইউনিয়ন ভূমি অফিসে প্রয়োজনীয় রেকর্ডপত্রাদি প্রদর্শন করতে হবে এবং সকল মূল কাগজপত্রসহ নির্ধারিত তারিখ ও সময়ে উপজেলা ভূমি অফিসে শুনানীতে উপস্থিত হতে হবে।	কোর্ট ফি ২০/- টাকা নোটিশ জারি ফি ৫০/- টাকা রেকর্ড সংশোধন ফি ১০০০/- টাকা প্রতি কপি খতিয়ান সরবরাহ ফি ১০০/- টাকা মোট = ১১৭০/- টাকা	৪৫ কার্যদিবস	১। নির্ধারিত ফরমে আবেদনপত্র। ২ । দলিলের সার্টিফাইড ফটোকপি। ৩। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি। ৪। চৌহদ্দিসহ কলমি নক্সা। ৫। ভায়া দলিলাদি। ৬। ওয়ারিশ সনদপত্র (অনধিক তিন মাসের মধ্যে ইস্যুকৃত)। ৭। সংশ্লিষ্ট খতিয়ানের সার্টিফাইড কপির ফটোকপি। ৮। ভূমি উন্নয়ন কর পরিশোধের দাখিলা। ৯। আবেদনকারী/প্রতিনিধির ১ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি। ১০। আদালতের আদেশ এর সার্টিফাইড কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
০২	নামজারী আদেশের রিভিউ	নামজারী আদেশের বিরুদ্ধে কোন আপত্তি থাকলে মঞ্জুরীর ৩০ দিনের মধ্যে (৩০ দিন পরে বিলম্বের কারণ উল্লেখপূর্বক) প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে হবে। শুনানী এবং তদন্তের মাধ্যমে চাহিত তথ্যাদি পর্যালোচনায় আদেশ দেওয়া হবে।	আবেদনের জন্য কোর্ট ফি ২০ টাকা	সম্ভাব্য ৬০-৯০ দিন	১। আবেদনের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র।
০৩	করণিক ভুল সংশোধনের মাধ্যমে রেকর্ড সংশোধন	বিবিধ মোকদ্দমা রুজুক্রমে বিভিন্ন কাগজ ও দলিলপত্রাদি যাচাই করে আর.এস রেকর্ডের করণিক ভুল সংশোধনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	আবেদনের জন্য কোর্ট ফি ২০ টাকা	৬০-৯০ দিন	১। এস.এ এবং আর.এস রেকর্ডের সহিমুড়ি নকল। ২। ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়নপত্র (নামের ভুলের ক্ষেত্রে)। ৩। এস.এ মালিক হতে প্রাপ্ত মালিকানা সংক্রান্ত দলিলাদি। ৪। চৌহদ্দিসহ এস.এ এবং আর.এস ম্যাপের কলমি নক্সা (প্রযোজ্য ক্ষেত্রে)।
০৪	ভূমিহীন কৃষকদের মাঝে কৃষি খাস জমি বন্দোবস্ত প্রদান	নির্ধারিত ফরমে আবেদন প্রাপ্তির পর ''ইউনিয়ন ভূমিহীন বাছাই কমিটি'' এর মাধ্যমে ভূমিহীনদের সাক্ষাৎকার গ্রহণের পর আবেদনপত্র যাচাই বাছাই করে 'উপজেলা খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি' কর্তৃক সুপারিশ জেলা খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত' কর্তৃক চূড়ান্ত অনুমোদনের পর বন্দোবস্ত প্রদান করা হয়।	সরকার নির্ধারিত সেলামি	৬০-৯০ দিন	১। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত একক/যৌথ ০২ কপি ছবি। ২। চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ। ৩। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি। ৪। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদেয় ভূমিহীন সনদপত্র। ৫। অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র।
০৫	অকৃষি খাস জমি বন্দোবস্ত প্রদান	আবেদন প্রাপ্তির পর তদন্ত শেষে বন্দোবস্তের প্রস্তাব উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার পর তা অনুমোদন সাপেক্ষে বন্দোবস্ত প্রদান করা হয়।	আবেদনের জন্য কোর্ট ফি ২০/- টাকা এবং সরকার কর্তৃক নির্ধারিত সেলামি।	৬০-৯০ দিন	১। আবেদনের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র।
০৬	অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনা ও এর লীজ নবায়ন	আবেদন পত্র প্রাপ্তির পর প্রয়োজনীয় তদন্ত শেষে উপজেলা নিবাহী অফিসার মহোদয়ের অনুমোদনের পর নির্ধারিত লীজমানি আদায় সাপেক্ষে অর্পিত সম্পত্তি বন্দোবস্ত নবায়ন করা হয়।	আবেদনের জন্য কোর্ট ফি ২০/- টাকা এবং সরকার নির্ধারিত লীজমানি	০১-০৭ দিন	১। পূর্ববর্তী বছরের লীজমানি পরিশোধের রসিদ।
০৭	অর্পিত সম্পত্তি পুকুর, জলাশয়, ফলের বাগান ইজারা প্রদান	নীতিমালা অনুযায়ী নিলাম কমিটির মাধ্যমে প্রকাশ্যে ইজারা প্রদান ও নবায়ন করা হয়।	নিলাম এ নির্ধারিত মূল্য	১৫ দিন	১। নিলাম এ অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় কাগজপত্র।
০৮	সায়রাত মহাল ব্যবস্থাপনা	২০ একরের নিচের জলমহাল অত্রাফিস হতে ইজারা প্রদান করা হয়। ২০ একরের উর্ধ্বে জলমহাল ও অন্যান্য সায়রাত মহাল উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ প্রাপ্তির পর ইজারাদার বরাবর নির্দিষ্ট সময়ের জন্য দখল প্রদান করা হয়।	বিধি মোতাবেক	৩০ দিন	১। আবেদনের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র।
০৯	হাট বাজার এর চান্দিনা ভিটির একসনা বন্দোবস্ত লাইসেন্স প্রদান ও নবায়ন	প্রকৃত ব্যবসায়ীদের নিকট হতে আবেদন প্রাপ্তির পর যথাযথ তদন্তপূর্বক, জেলা প্রশাসক মহোদয় কর্তৃক অনুমোদন সাপেক্ষে চান্দিনা ভিটি একসনা বন্দোবস্ত লাইসেন্স প্রদান ও নবায়ন করা হয়।	আবেদনের জন্য কোর্ট ফি ২০/- টাকা এবং সরকার নির্ধারিত লাইসেন্স ফি।	৩০ দিন (বন্দোবস্ত) ১৫ দিন (নবায়ন)	১। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স। ২। পূর্ববর্তী বছরের লীজমানি পরিশোধের রসিদ। ৩। অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র।
১০	বিবিধ একসনা বন্দোবস্ত প্রদান ও ক্ষতিপূরণ আদায়।	আবেদন প্রাপ্তির পর তদন্তপূর্বক জেলা প্রশাসক মহোদয়ের অনুমোদন সাপেক্ষে বিবিধ একসনা বন্দোবস্ত প্রদান ও ক্ষতিপূরণ আদায় করা হয়। পরপর দুই বছর একই ভূমি একই ব্যক্তিকে বিবিধ একসনা বন্দোবস্ত প্রদান করা হবে না।	আবেদনের জন্য কোর্ট ফি ২০/- টাকা এবং সরকার নির্ধারিত হার অনুযায়ী।	৩০ দিন	১। আবেদনের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র।
১১	ভূমির শ্রেণী পরিবর্তন	আবেদন প্রাপ্তির পর যথাসময়ে তদন্তপূর্বক জেলা প্রশাসক মহোদয় এর অনুমোদন সাপেক্ষে ভূমির শ্রেণী পরিবর্তন করে রেকর্ড সংশোধন করা হয়।	আবেদনের জন্য কোর্ট ফি ২০/- টাকা।	৩০ দিন	১। আবেদনের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র।

ভূমি উন্নয়ন করের হার

এলাকাসমূহ	বাণিজ্যিক কাজে ব্যবহৃত (শতক প্রতি)	শিল্প কাজে ব্যবহৃত (শতক প্রতি)	আবাসিক ও অন্যান্য কাজে ব্যবহৃত
জেলা সদর ও ১ম শ্রেণীর পৌর এলাকা	১০০. ০০ টাকা	৭৫.০০ টাকা	২০. ০০ টাকা
অন্যান্য পৌর এলাকা	৬০.০০ টাকা	৪০.০০ টাকা	১৫.০০ টাকা
পৌর ব্যাতীত অন্যান্য এলাকা	৪০.০০ টাকা	৩০.০০ টাকা	১০.০০ টাকা
বিশেষ দ্রষ্টব্য : কৃষি জমির ক্ষেত্রে ৮.২৫ একর (২৫ বিঘা) পর্যন্ত ভূমি উন্নয়ন কর মওকুফ (ব্যবহার ভিত্তিতে) এবং এ ক্ষেত্রে প্রতিটি হোল্ডিং হতে আবশ্যিক বার্ষিক সর্বমোট ১০.০০ টাকা আদায় করা হয়।			

ভূমি উন্নয়ন করের হার

সহকারী কমিশনার (ভূমি)
রায়পুরা, নরসিংদী
ফোনঃ ০২-৯৪৪৮০৯৩
মোবাইলঃ ০১৭৬২- ৬৮৭০১৬

উপজেলা নির্বাহী অফিসার
রায়পুরা, নরসিংদী
ফোনঃ ০২-৯৪৪৪০১৫
মোবাইলঃ ০১৭৬২-৬৮৭০১০

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
নরসিংদী।
ফোনঃ ০২-৯৪৬৩১৮৬
মোবাইলঃ ০১৭৬২-৬৮৭০০৩

জেলা প্রশাসক
নরসিংদী।
ফোনঃ ০২-৯৪৬২৫০০
মোবাইলঃ ০১৭৬২-৬৮৭০০০